দৈনিক বাংলা

তারিখ 03 JAN 1991
পৃষ্ঠা 1 কলাম 2

155

৬৭

## শাহাবুদ্দীনের সঙ্গে চাকসু ও ছাত্রঐক্যের বৈঠক

# চাটগাঁ ভার্সিটির ঘটনা নিয়ে বিচার বিভাগীয় তদন্ত হবে



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ ও সর্বদলীয় ছাত্র ঐক্যের ১২ সদস্যের এক প্রতিনিধিদল বুধবার প্রেসিডেন্টের সচিবালয়ে অস্থায়ী প্রেসিডেন্ট বিচারপতি শাহাবুদ্দীন আহমদের সঙ্গে দেখা করে

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র ইউনিয়নের (চাকসু) ও সর্বদলীয় ছাত্র ঐক্যের (আসু) বিশ্ববিদ্যালয় শাখার ১২ সদস্যের একটি প্রতিনিধি দল বুধবার প্রেসিডেন্ট সচিবালয়ে ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট বিচারপতি জনাব শাহাবুদ্দীন আহমদের সঙ্গে দেখা করে তাঁকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় পরিস্থিতি সম্পর্কে অবহিত করেন। খবর বাসস ও ইউএনবির।

ছাত্রনেতৃবৃন্দ ভারপ্রাপ্ত প্রেসিডেন্টের কাছে গত ২২শে ডিসেম্বর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে উদ্ভূত পরিস্থিতির পটভূমি ব্যাখ্যা করেন। বিশ্ববিদ্যালয়ে সংঘটিত ঘটনায় একজন নিহত ও অসংখ্য আহত হন। উদ্ভূত পরিস্থিতিতে কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দিতে বাধ্য হন।

ছাত্র নেতারা ১১ দফা দাবী পেশ করেন। দাবীর মধ্যে রয়েছে, ঘটনাবলীর

(৪-এর পৃঃ ২-এর কঃ দ্রঃ)

### চাটগাঁ ভার্সিটির

(প্রথম পৃঃ পর)

জন্য দায়ী ব্যক্তিদের বহিষ্কার ও শাস্তিদান, বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে সাম্প্রদায়িক রাজনীতি নিষিদ্ধ ঘোষণা, গত ২৯শে মে এবং অন্যান্য ঘটনার ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যে সব তদন্ত কমিটি গঠন করেন, সেসব কমিটির রিপোর্ট প্রকাশ এবং গুরুতর আহত ছাত্রদের চিকিৎসার জন্য বিদেশে পাঠানোর ব্যবস্থা গ্রহণ।

ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট ছাত্র প্রতিনিধিদলকে বলেন, গত ২২শে ডিসেম্বরের ঘটনা সম্পর্কে বিচার বিভাগীয় তদন্ত হবে। এব্যাপারে তিনি ছাত্রদের সহযোগিতা করতে বলেন।

বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে শান্তি ও শৃংখলা রক্ষার উদ্দেশ্যে ধৈর্য ধারণ ও সহনশীল হবার জন্য বিচারপতি শাহাবুদ্দীন ছাত্রদের প্রতি আহ্বান জানান।

চাকসুর ভিপি মোহাম্মদ নাজিমুদ্দীন ও জিসি আজিমুদ্দীন আহমদ, বাংলাদেশ ছাত্রলীগের মনজুরুল আলম শাহীন, জাতীয়তাবাদী ছাত্রদলের ইফতেখার হোসেন চৌধুরী, ছাত্র ইউনিয়নের অশোক বড়ুয়া, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের মাহবুবুর রহমান এবং ছাত্রমৈত্রীর আবদুল হান্নান রতন প্রমুখ ছাত্র নেতা বৈঠকে উপস্থিত ছিলেন।